দৈনিক বাংলা

তারিখ 1[illegible] OCT 1986
পৃষ্ঠা 7 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

017

# গত বছরের চেয়ে যশোর বোর্ডে এবার পাসের হার নয় শতাংশেরও বেশি

(নিজস্ব সংবাদদাতা)

যশোর, ১৭ই অক্টোবর।— যশোর শিক্ষা বোর্ডের অধীন ১৯৮৫ সালের এইচএসসি পরীক্ষার তুলনায় এবারের পাসের হার ৯ শতাংশেরও বেশি। গত বছর ছিল ৪৭.১৪ ভাগ। এবার সেখানে ৫৬.৪৬ ভাগ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে।

এ বছর ১৭টি কলেজ থেকে বিজ্ঞান, ৯২টি কলেজ থেকে বাণিজ্য ৮৯টি কলেজ থেকে মানবিক ও ৯টি কলেজ থেকে কৃষি বিজ্ঞান বিভাগে কোনো পরীক্ষার্থী প্রথম বিভাগে উত্তীর্ণ হয়নি।

ভেড়ামারা কলেজ, চৌকনগর কলেজ, কপোতাক্ষ মহাবিদ্যালয়, চালনা এম এম কলেজ, কচুয়া কলেজ, ঝিনাইদহ কলেজ, আমিনুর রহমান কলেজ, আবদুল হাই মহাবিদ্যালয়, হিজলা মহাবিদ্যালয় পিরোজপুর মহিলা কলেজ, মাটিভাঙ্গা কলেজ, কবিগুরু রবীন্দ্রনাথ কলেজ, তোফাজ্জল হোসেন মানিক মিয়া কলেজ, ঝালকাঠি মহিলা মহাবিদ্যালয় ও শহীদ রাজা মহাবিদ্যালয়—এই ১৫টি কলেজ থেকে প্রথম বিভাগে মানবিক, বাণিজ্য, বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান শাখায় কেউ উত্তীর্ণ হতে পারেনি।

মৌকরণ মহাবিদ্যালয় ও পাননাটি মহাবিদ্যালয়ের যথাক্রমে ২শ ৩২ ও ৩৪জন পরীক্ষার্থীর ফল অপ্রকাশিত রাখা হয়েছে।

মেহেরপুর সীমান্ত কলেজ ও বাগেরহাট সরকারী মহিলা কলেজের বাণিজ্য বিভাগ থেকে কেউ পাস করেনি।

বানিড কলেজের মাত্র একজন দ্বিতীয় ও দুজন তৃতীয় বিভাগে পাস করেছে। অকৃতকার্য হয়েছে ২শ ৩৪জন। অভিযুক্ত হয়েছে ৪২ জন।

কৃষি বিজ্ঞান বিভাগে সর্বোচ্চ ৬৭.৬৪ জন এবং সর্বনিম্ন গার্হস্থ্য অর্থনীতিতে ১২.৮৭ ভাগ কৃতকার্য হয়েছে। সর্বাধিক দ্বিতীয় বিভাগে ২০ হাজার ৬শ ২৪ জন ছাত্র পাস করেছে। শতকরা একশ ভাগ পরীক্ষার্থী পাস করেছে ঝিনাইদহ ক্যাডেট কলেজ থেকে। এখানে ৭৪ জনের মধ্যে ৩৮ জন প্রথম বিভাগ ও ২২ জন দ্বিতীয় বিভাগ পাস করেছে।

(৩-এর পৃঃ দ্রঃ)

## গত বছরের চেয়ে

(৭ম পৃঃ পর)

বরিশাল ক্যাডেট কলেজের ৪২ জনের মধ্যে ২৪জন প্রথম বিভাগে, ১৫ জন দ্বিতীয় বিভাগে এ ৩ জন অকৃতকার্য হয়েছে।